



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস-রিলিজ

তারিখ: ২৮/০২/২০১৮ খ্রি:

### অগ্নিবরা মার্চে বরিশাল বিশ্ববিদ্যালয়ের কর্মসূচি

আগামীকাল থেকে শুরু হচ্ছে বাঙালীর অগ্নিবরা মার্চ। আর এই মার্চেই জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নেতৃত্বে বাঙালী পেয়েছে স্বাধীনতা। স্বাধীনতার এই মাসকে স্মরণ করে রাখতে বরিশাল বিশ্ববিদ্যালয়ে পুরো মার্চ মাস জুড়ে রয়েছে একাধিক কর্মসূচি। কর্মসূচিসমূহ নিম্নরূপ:-

১। ১৭ মার্চ ২০১৮: জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন এবং জাতীয় শিশু দিবস- ২০১৮ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনে অস্থায়ী ভাবে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ- সকাল ৯.৩০ ঘটিকায়, শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা- সকাল ১০ ঘটিকায়, বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের আন্তর্জাতিক স্বীকৃতি উদ্বাপন উপলক্ষে আলোচনা সভা- সকাল ১১ ঘটিকায়, মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান- বিকাল ৫.৩০ ঘটিকায় এবং ক্যাম্পাসে আলোকসজ্জা।

২। ২৫ মার্চ ২০১৮: আন্তর্জাতিক গণহত্যা দিবস উপলক্ষে আলোচনা সভা- বিকাল ৩ ঘটিকায়, কালরাত্রি স্মরণে বরিশাল বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শহীদ মিনারে প্রদীপ প্রজ্জ্বলন- সন্ধ্যা-৬.১৫ ঘটিকায়।

৩। ২৬ মার্চ ২০১৮: মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনে অস্থায়ী ভাবে স্থাপিত স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ- সকাল ৯.৩০ ঘটিকায়, মহান স্বাধীনতা দিবস উপলক্ষে গার্ডেন পার্টি ও সাংস্কৃতিক অনুষ্ঠান- বিকাল ৪ ঘটিকায় এবং ক্যাম্পাসে আলোকসজ্জা।

অদ্য ২৮ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ মাননীয় উপাচার্য মহোদয়ের সভাপতিত্বে বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, ২২টি বিভাগের বিভাগীয় প্রধান, ৩টি হলের প্রভোস্ট এবং পরিচালকবৃন্দের সাথে অনুষ্ঠিত এক বৈঠকে উপরোক্ত কর্মসূচির সিদ্ধান্তগুলো গৃহীত হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি  
উপ-পরিচালক (চ.দা.)  
জনসংযোগ অফিস